



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৯৪.২০১৯-৭৩১৪/৬

তারিখ : ১২ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : ভোলা জেলার ফাতেমা মতিন মহিলা মহাবিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব ফারজানা ইয়াসমিন-এর এমপিওভুক্তির বিষয়ে আপত্তি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন ফাতেমা মতিন মহিলা মহাবিদ্যালয়ের প্রভাষক (সমাজবিজ্ঞান) পদে জনাব ফারজানা ইয়াসমিন-কে ১০/০৫/২০০৬ খ্রি. তারিখে নিয়োগ প্রদান করে যোগদান করানো হয় ২১/০৬/২০০৬ খ্রি. তারিখে। ১২/০২/২০০৬ খ্রি. তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে ১১/০৮/২০০৬ খ্রি. তারিখে নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হয়। কিন্তু বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগদানের লক্ষ্যে সরকার বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন-২০০৫ প্রণয়ন করেছেন এবং মার্চ-২০০৫ তারিখ হতে কার্যকর হয়েছে। যোগদানকালে জনাব ফারজানা ইয়াসমিন-এর নিবন্ধন সনদ অর্জন করেন নাই। প্রভাষক পদে যোগদানের পূর্বে তিনি একটি মদ্রাসার সিনিয়র সহকারী শিক্ষক হিসেবে এমপিওভুক্ত ছিলেন (ইনডেক্স-২০২০১৯১)। কিন্তু জনবল কাঠামো অনুযায়ী ইনডেক্সধারী সিনিয়র সহকারী শিক্ষকের অভিজ্ঞতা নিয়ে প্রভাষক পদে আবেদন করার সুযোগ নাই। বর্ণিত পদে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন সদস্য সচিবের দায়িত্ব পালন করেন অধ্যক্ষ। সরকারের নির্দেশনা প্রতিপালন না করায় জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(খ) লংঘন করেছেন।

এমতাবস্থায়, সরকারের নির্দেশনা প্রতিপালন না করার কারণ অধ্যক্ষকে ব্যাখ্যার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪/কে/৪
26.1.2020

(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং- ৯৫৫৬০৫৭
Email-ncollege@ dshe.gov.bd

অধ্যক্ষ,
ফাতেমা মতিন মহিলা মহাবিদ্যালয়
চরফ্যাশন, ভোলা।

- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
 - ২। জেলা শিক্ষা অফিসার, ভোলা।
 - ৩। সভাপতি, পরিচালনা পরিষদ, ফাতেমা মতিন মহিলা মহাবিদ্যালয়, চরফ্যাশন, ভোলা।
 - ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা।
 - ৫। জনাব ফারজানা ইয়াসমিন, প্রভাষক (সমাজবিজ্ঞান), ফাতেমা মতিন মহিলা মহাবিদ্যালয়, চরফ্যাশন, ভোলা।
 - ৬। সংরক্ষণ নথি।